



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৫
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৭
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৯

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন ও স্যানিটেশন সেবা প্রদান করে আসছে। বিগত ৩(তিন) অর্ধবছরে পল্লী ও পৌর এলাকায় ৫৫৯৯২২ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ১৮৬ টি উৎপাদক নলকূপ, ২৪৭৯.৭৩ কিঃমিঃ বিভিন্ন ব্যাসের পাইপ লাইন, ৬৬৪২৩ টি স্বল্প মূল্যের স্যানিটারি ল্যাট্রিন ও ইম্প্রুভড ল্যাট্রিন, ৭৫০ টি কমিউনিটি ল্যাট্রিন-পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে। কেন্দ্রীয় পানি পরীক্ষাগার এবং ১৩টি আঞ্চলিক পরীক্ষাগারে প্রায় ৬১৯৪৮৩ টি পানির উৎসের গুণগতমান পরীক্ষা করা হয়েছে। এছাড়া, ৫২ জেলায় পানি পরীক্ষার জন্য ৫২ টি ল্যাবরেটরী নির্মাণ করা হয়েছে। কক্সবাজার জেলায় সম্প্রতি “বলপূর্বক বাস্তবায়িত মিয়ানমার নাগরিক” আশ্রয়প্রার্থীর জন্য ১৭০০ টি নলকূপ ও ৬৬০০ টি স্যানিটারি ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। এছাড়াও ৪৮০ টি ওয়াটার রিজার্ভার (১০০০লিটার), ৭ টি মোবাইল ওয়াটার ট্রিটমেন্টপ্ল্যান্ট ও ৭টি ভ্রাম্যমান ওয়াটার ক্যারিয়ার (৩০০০লিঃ ধারণ ক্ষমতাসম্পন্ন) যার মাধ্যমে উখিয়া ও টেকনাফ উপজেলার বিভিন্ন ক্যাম্পে নিরাপদ খাবার পানি সরবরাহ করা হচ্ছে এবং ১১টি আশ্রয় ক্যাম্পে মহিলাদের জন্য ৬০০ ইউনিট গোসলখানা নির্মাণ করা হয়েছে। সেই সাথে, মিনি পাইপড ওয়াটার স্কিম ৭৭টি, সমন্বিত ফিক্যাল স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট ও সলিড ওয়েস্ট ল্যান্ডফিল সিস্টেম নির্মাণ ২টি, এফএসটিপি ও কঠিন বর্জ্য পরিশোধনাগার ৭টি, ওমনি প্রসেসর ১টি, ডুপ্লুপল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ৪টি, ডুপ্লুপল পানি জলাধার ২টি নির্মিত হয়েছে। এছাড়াও কক্সবাজার জেলায় একটি ওয়াশ ট্রেনিং ফেসিলিটি নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতিকে টেকসই করা ও এর কার্যকারিতা বৃদ্ধিকরণ এবং অর্থায়ন। সামগ্রিক কাজের মনিটরিং ও মূল্যায়ন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকল্পে প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ডু-প্লুপল পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ডু-প্লুপল পানি ব্যবহার বৃদ্ধিকরণ, দেশের প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতাংশে উন্নীতকরণ।

২০২৪-২৫ অর্ধবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন- ৮২১৪৬ টি
- পল্লী এলাকায় রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম স্থাপন- ৫৭০৪৬ টি
- গ্রামীণ এলাকায় আয়রণ রিমোভাল প্ল্যান্ট ও রিভার্স অসমোসিস প্ল্যান্ট নির্মাণ-৪০৬৯ টি
- গ্রামীণ/কমিউনিটি ভিত্তিক পাইপ ওয়াটার সিস্টেম নির্মাণ- ৩০২৯ টি
- ফিক্যাল স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট ও সলিড ওয়েস্ট ল্যান্ডফিল সিস্টেম নির্মাণ- ২২ টি
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ, পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ১৫ টি
- পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ-৯ টি
- পৌর এলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ -২ টি
- পাইপলাইন স্থাপন-১৯০ কিঃমিঃ
- পৌর এলাকায় ড্রেন নির্মাণ- ৩৯ কিঃমিঃ
- পল্লী ও পৌর এলাকায় ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন-৮২১৩৮ টি
- পল্লী ও পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক ল্যাট্রিন স্থাপন-৮০ টি এবং
- পানির গুণগতমাননিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা- ১৩৯২৩৪ টি
- e-gp সিস্টেমে e- Contract management System (e-cms) কার্যকর করণ ও বিল প্রদান।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: